দৈনিক ইত্তেফাক

তারিখ ... APR 1 6 1999
পৃঃ ৩ কলাম ৬

160

# শিক্ষক কোন্দলের কারণে বিএম কলেজের পরিবেশ বিনষ্ট

বরিশাল অফিস ।। শিক্ষক কোন্দলের কারণে বি,এম কলেজে শিক্ষা কার্যক্রম ও প্রশাসনিক কাজে জটিলতার সৃষ্টি হইয়াছে। গত ২৬শে মার্চ স্বাধীনতা দিবস উপলক্ষে ক্যাম্পাসের অনুষ্ঠানে স্বাধীনতার ইতিহাস বিকৃত করার অভিযোগে দুইজন শিক্ষকের ভূমিকা লইয়া এক গ্রুপ ছিল সোচ্চার। পরবর্তিতে তাহারা ঐ দুই শিক্ষককে বাদ দিয়া

( ৭ম পৃঃ দ্রঃ)

## শিক্ষক কোন্দলের কারণে

(৩য় পঃ পর)

টার্গেট করেন অধ্যক্ষকে। শিক্ষকদের দলাদলি সংক্রমিত করে ছাত্রদের। অধ্যক্ষ বিরোধী গ্রুপ এই মুহূর্তেই অধ্যক্ষকে বদলীর চেষ্টা চালাইতেছে। এই কলেজের, বেশীরভাগ শিক্ষক বছরের পর বছর, যুগের পর যুগ ধরিয়া একই কলেজে চাকুরী করিতেছেন। এই কলেজে শিক্ষকতা করা একটি লাভজনক ব্যবসায় পরিণত হইয়াছে। টিউশনী করা, নোট বিক্রি, মৌখিক পরীক্ষার সাজেশন বিক্রি, পরীক্ষার অতিরিক্ত ফি আদায় করিয়া ভাগ-বাটোয়ারা, ভাগ না মিলিলে মারামারি, পিকনিকের চাঁদা আদায়ের লক্ষ্যে টেস্ট পরীক্ষায় বোনাস নম্বর চালু, সেমিনার ফি আদায়ের পর ইচ্ছামাফিক ভাগ-বাটোয়ারা ইত্যাদি দুর্নীতির সহিত কলেজের প্রভাবশালী শিক্ষকরা জড়িত। এই অবস্থা হইতে কলেজকে রক্ষার জন্য এই কলেজের দীর্ঘমেয়াদী অবস্থানকারী শিক্ষকদের জরুরী ভিত্তিতে বদলী করা প্রয়োজন।